১৪।	ল্যাব এ্যাটেনডেন্ট -০৩টি বেতন স্কেল- ৮৫০০-২০৫৭০/-	প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড/প্রতিষ্ঠান হইতে এইচ.এস.সি. (বিজ্ঞান)/সমমানের পরীক্ষায় পাসের সনদপত্র থাকিতে হইবে। অথবা প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড/প্রতিষ্ঠান হইতে এস.এস.সি. (বিজ্ঞান)/সমমানের পরীক্ষায় পাসসহ কোন অনুমোদিত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট টেকনোলজিতে কমপক্ষে ১(এক) বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেট থাকিতে হইবে। অথবা প্রার্থীর জে.এস.সি./অষ্টম শ্রেণি পাস এবং সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট টেকনোলজিতে ২(দুই) বৎসর মেয়াদী ট্রেড সার্টিফিকেটসহ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৪(চার) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
১৫।	লাইব্রেরী এ্যাটেনডেন্ট -০২টি বেতন স্কেল- ৮৫০০-২০৫৭০/-	প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড/প্রতিষ্ঠান হইতে এইচ.এস.সি./ সমমানের পরীক্ষায় পাসের সনদপত্র থাকিতে হইবে। অথবা প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড/প্রতিষ্ঠান হইতে এস.এস.সি./ সমমানের পরীক্ষায় পাসসহ সংশ্লিষ্ট কাজে ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা প্রার্থীর জে.এস.সি./অষ্টম শ্রেণি পাসসহ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৪(চার) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
১৬।	এম.এল.এস.এস -৫টি বেতন স্কেল- ৮২৫০-২০০১০/-	প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড/প্রতিষ্ঠান হইতে কমপক্ষে এস.এস.সি./সমমান পরীক্ষায় পাসের সনদপত্র থাকিতে হইবে। অথবা প্রার্থীর জে.এস.সি./অষ্টম শ্রেণি পাসসহ সরকারী/আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত বা সমমানের প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
১৭।	কুক -০২টি বেতন স্কেল- ৮৫০০-২০৫৭০/-	প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড/প্রতিষ্ঠান হইতে কমপক্ষে এস.এস.সি./সমমান পরীক্ষায় পাসসহ সংশ্লিষ্ট কাজে ১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা প্রার্থীর জে.এস.সি./অষ্টম শ্রেণি পাসসহ সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৪(চার বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
১৮।	এ্যাসিসটেন্ট কুক -০৩টি বেতন স্কেল- ৮২৫০-২০০১০/-	প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড/প্রতিষ্ঠান হইতে কমপক্ষে এস.এস.সি./সমমান পরীক্ষায় পাসসহ সংশ্লিষ্ট কাজে ৬(ছয়) মাসের অভিজ্ঞতা থাকিতে হইবে। অথবা প্রার্থীর জে.এস.সি./অষ্টম শ্রেণি পাসসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।
১৯।	মালী -০৩টি বেতন স্কেল- ৮২৫০-২০০১০/-	প্রার্থীর জে.এস.সি./অষ্টম শ্রেণি পাসসহ বাগান পরিচর্যা কাজে বাস্তব জ্ঞান থাকিতে হইবে।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২২ মে, ২০১৯ খ্রিঃ তারিখের ৫০৬৬ স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত রাজস্ব খাতের পদসমূহ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত এবং স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী ঃ

১। আগ্রহী প্রার্থীদের আবেদনের নির্ধারিত ফরমেট ও CV (Proforma) অনুযায়ী আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে প্রার্থীর পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্র/পাসপোর্টের সত্যায়িত অনুলিপি এবং কোন প্রথম শ্রেণীর কর্মকর্তার নিকট হতে গৃহীত চারিত্রিক সনদপত্রসহ ২ সেট আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র প্রেরণ করার সময় খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

২। আবেদনপত্রের সাথে "রেজিষ্ট্রার, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" -এর বরাবরে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত কর্মকর্তা পদসমূহের জন্য ৫০০/= (পাঁচশত) টাকা এবং কর্মচারী পদের জন্য ২০০/= (দুইশত) টাকা রূপালী/সোনালী/জনতা/অগ্রণী ব্যাংক লিঃ -এর ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

৩। চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

৪। উল্লেখিত পদসমূহে আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ঃ **২৩/০৬/২০১৯ খ্রিঃ। উল্লেখ্য যে, অত্র বিশ্ববিদ্যালয় আগামী ৩০/০৫/২০১৯ তারিখ হতে ১৪/০৬/২০১৯ তারিখ পর্যন্ত পবিত্র ঈদ-উল-ফিতর ও গ্রীস্মকালীন ছুটি উপলক্ষ্যে বন্ধ থাকবে, বিধায় উক্ত সময়ে আবেদনপত্র গ্রহণ এবং ফরম বিতরণ করা হবে না।**

৫। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চাকুরীতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোন পরীক্ষায় ৩য় শ্রেণী/বিভাগ গ্রহণযোগ্য নহে। তবে, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য অনুপার্জিত (Non-attainable) শিক্ষাগত যোগ্যতা (শ্রেণী / বিভাগ) শিথিল করা যেতে পারে।

৬। বিভাগীয় দক্ষ প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা যেকোন একটি শিথিলযোগ্য হবে।

৭। সরকারী বিধি মোতাবেক সকল কোটা সংরক্ষণপূর্বক নিয়োগ প্রদানের ব্যবস্থা থাকবে।

৮। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের নিয়োগ সংক্রান্ত নীতিমালার অন্যান্য শর্তাবলী প্রযোজ্য হবে।

৯। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উল্লেখ করা যেতে পারে যে, পদের সংখ্যা প্রয়োজনবোধে বাড়তে বা কমতে পারে ।

১০। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টি, এ / ডি, এ প্রদান করা হবে না।

১১। প্রয়োজনবোধে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

রেজিষ্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ।

স্মারক নং- ৫০৬৬/৫০

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঃ
২২ মে, ২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান ঃ-

১। সকল ডীন/বিভাগীয় প্রধান/পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
২। সকল হল প্রভোষ্ট/ শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। - উল্লেখিত নিয়োগ বিজ্ঞপ্তি, সংশ্লিষ্ট পদের যোগ্যতা ও অভিজ্ঞতা, শর্তাবলী এবং আবেদনপত্রের নির্ধারিত ফরমেট ও CV (Proforma) অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে অন্তর্ভূক্তকরণের অনুরোধসহকারে।
৪। উপ-পরিচালক (জনসংযোগ), অত্র বিশ্ববিদ্যালয়। - উল্লিখিত বিজ্ঞপ্তিটি আগামী ২/১ দিনের মধ্যে জাতীয় পত্রিকায় প্রচারের (সর্বোচ্চ ৩˝ X ৩˝) ব্যবস্থা গ্রহণের অনুরোধসহকারে।
৫। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
৬। সংরক্ষণ নথি।
৭। নথি।

রেজিষ্ট্রার (ভারপ্রাপ্ত)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।